

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭৫

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইউনূস আল আইলাঈ বর্ণিত হাদীসে সালাত পূর্ণ করার কথা বলা হয়েছে তার বিবরণ

ذِكْرُ وَصنْفِ إِتْمَام الصَّلَاةِ الَّذِي ذَكَرْنَاهُ فِي خَبَرِ يُونُسَ الْأَيْلِيّ

আরবী

 $2675 = \frac{1}{6}$ هُبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الرُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ وَأَبِي بَكْرِ بْنِ سُلُيْمَانَ بْنِ أَبِي عَنْ أَبِي سَلَمَةَ وَالَّبِي بَكْرِ بْنِ سُلُيْمَانَ بْنِ أَبِي حَدُّمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ أَوِ الْعَصِرَ فَسَلَّمَ فِي الرَّكْعَتَيْنِ فَقَالَ ذُو الشِّمَالَيْنِ بْنُ عَبْدِ عَمْرٍو وَكَانَ حَلِيفًا لِبَنِي زُهْرَةَ: أَخُفِّقَتِ الصَّلَاةُ أَمْ نَسِيتَ يَا رَسُولَ اللَّهِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ: (مَا يَقُولُ ذُو الْمَعْرَىٰ عَبْدِ عَمْرِو وَكَانَ حَلِيفًا لِبَنِي زُهْرَةَ: أَخُفِّقَتِ الصَّلَاةُ أَمْ نَسِيتَ يَا رَسُولَ اللَّهِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ: (مَا يَقُولُ ذُو الْمَعْرَىٰ فَقَالُوا: صَدَقَ يَا نَبِيَّ اللَّهِ قَالَ: فَأَتَمَّ بِهِمُ الرَّكْعَتَيْنِ اللَّتَيْنِ نَقَصَهُمَا ثُمَّ سَلَّمَ. الْلَهِ فَلُ أَنْ مَوْلُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا يَقُولُ ذُو الْمَالَوْنِ) فَقَالُوا: صَدَقَ يَا نَبِيَّ اللَّهِ قَالَ: فَأَتَمَّ بِهِمُ الرَّكْعَتَيْنِ اللَّالِيْ إِلْمَانِي الْمَصِدِ : أَلُو هُرَيْرَةَ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو هُرَيْرَةَ المحدث : العلامة على صحيح ابن حبان الصَاد على صحيح ابن حبان الصَفحة أو الرقم: 2675 ا خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء)) ((2/ 130)) ((الروض النضير)) (1909) ((صحيح أبي داود)) ((900)).

বাংলা

২৬৭৫. আবৃ হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের নিয়ে যোহর কিংবা আসরের সালাত আদায় করেন। তিনি সেখানে দুই রাকা'আতে সালাম ফেরান। তখন বানূ যাহরাহ গোত্রের বন্ধু খুযাঈ গোত্রের যুশ শিমালাইন বিন আবদু আমর বিন নাদলাহ তাঁকে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সালাত কমিয়ে দেওয়া হয়েছে নাকি আপনি ভুলে গিয়েছেন?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যুল ইয়াদাইন কী বলছে?" সাহাবীগণ জবাব দিলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সে সত্যই বলেছে।" রাবী বলেন, "তখন তিনি তাদের নিয়ে দুই রাকা'আত সালাত পূর্ণ করেন যা কম হয়েছিল, তারপর সালাম ফেরান।"[1]



ইমাম যুহরী রহিমাহুল্লাহ বলেন, "এটা বদর যুদ্ধের আগের ঘটনা। তারপর সমস্ত বিধি-বিধান সুসংহত হয়ে যায়।"

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৯৩; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১২১; সহীহ আল বুখারী: ৭১৪; আবূ দাউদ: ১০০৯; তিরমিযী: ৩৯৯; নাসাঈ: ৩/২২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪৪৪; সুনান বাইহাকী: ২/৩৫৬; সহীহ মুসলিম: ৫৭৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন